

# বির জিয়া হলে কোরআন শিক্ষা কার্যক্রম চালু

সংগীত কুমার, কন্ট্রিভিউটিং রিপোর্টার, ইসলামী  
বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ০০:৩৯, ১২ জুলাই ২০২৫



ছবি: দৈনিক জনকর্তা।

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শহীদ জিয়াউর রহমান হলে কোরআন শিক্ষা কার্যক্রম চালু করেছে হল প্রশাসন। আবাসিক ও অনাবাসিক শিক্ষার্থীদের আত্মিক উন্নয়ন ও ধর্মীয় জ্ঞানচর্চার সুযোগ করে দিতেই এ উদ্যোগ নেওয়া হয়েছে।

বুধবার (৯ জুলাই) হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. আব্দুল গফুর গাজীর স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, আগ্রহী শিক্ষার্থীদের আগামী ৩১ জুলাই ২০২৫ তারিখের মধ্যে হল অফিসে আবেদন জমা দিতে হবে।

হলের আবাসিক শিক্ষার্থী শেখ রাতুল ইসলাম বলেন,<sup>৫</sup> “এ ধরনের উদ্যোগ আমাদের আত্মিক উন্নতির পথ সুগম করবে। একজন শিক্ষার্থী হিসেবে আমি এই আয়োজনে অত্যন্ত খুশি ও আনন্দিত। হল প্রশাসন এমন মহৎ উদ্যোগ নিয়ে সত্যিই প্রশংসার দাবিদার।”

হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. আব্দুল গফুর গাজী বলেন, “আমি নিজে সাধারণ শিক্ষায় শিক্ষিত একজন মানুষ ছিলাম এবং পরবর্তীতে করোনাকালে হজুর রেখে ছয় মাস

কোরআন শেখার চেষ্টা করি। এখন আমি নিয়মিত তর্জমাসহ কোরআন তিলাওয়াত করি।”

তিনি আরও বলেন, “কোরআন শিক্ষার মূল উদ্দেশ্য হলো ইহকালের মুক্তি ও পরকালের শান্তি অর্জন। আমার হলে যারা এই শিক্ষায় আগ্রহী, তাদের জন্যই এ কার্যক্রম শুরু করেছি।”